দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 25 1999
পৃষ্ঠা ৪২ কলাম ৮

103

### প্রকৌশল বিশ্ববিদ্যালয়

## তদন্ত কমিটির রিপোর্ট প্রত্যাখ্যান করেছে ছাত্র সংগঠনগুলো

**স্টাফ রিপোর্টার ঃ** প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ব্যাপক ভাঙচুর ও বিশ্ববিদ্যালয়ের সম্পদের ক্ষয়ক্ষতির ঘটনায় তদন্ত কমিটির দেয়া রিপোর্ট ছাত্র সংগঠনগুলো প্রত্যাখ্যান করেছে। রিপোর্ট অনুযায়ী কর্তৃপক্ষ একজন ছাত্রকে বহিষ্কার, ৩ জনকে ২ টার্মের স্থগিত বহিষ্কারসহ ৪ টার্মের জন্য বহিষ্কার, ২২ জনকে জরিমানাসহ বিভিন্ন মেয়াদে স্থগিত বহিষ্কারের শাস্তি দেয়া হয়। কিছু ছাত্রকে জরিমানাসহ অথবা শুধু সতর্কীকরণ করা হয়।

এদিকে, গতকাল (বৃহস্পতিবার) এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের ছাত্র লীগ, ছাত্রদল, ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের নেতৃবৃন্দ তদন্ত কমিটির রিপোর্ট প্রত্যাখ্যান করে ঐ ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবী করেছেন।